

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)১৯/বন্ড কমিঃ/স্থায়ী আদেশ/২০০২/পার্ট-০১/২০০৯/ ০৪৪২৫

তারিখঃ ২৬/১২/২০২০ খ্রিঃ

বিষয় : বন্ড লাইসেন্স বাতিলকরণ বিষয়ে মাসিক তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১. জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৬.০২.০১৪.১৫/২৮৮ (১), তারিখঃ ১৫/১২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। যে সকল বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানঃ- (ক) এর কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে; (খ) অস্তিত্বহীন রয়েছে; (গ) এর নিকট সরকারের নিরঙ্কুশ পাওনা থাকা সত্ত্বেও দীর্ঘদিন যাবৎ তা আদায় করা যাচ্ছে না; যার কারণে প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত বন্ড লাইসেন্স স্থগিত করা হয়েছে এরূপ প্রতিষ্ঠানের নিকট দায়-দেনা নিরূপন সাপেক্ষে সরকারের পাওনা আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়েরসহ লাইসেন্স বাতিলের প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ দিয়েছে।

০৩। এমতাবস্থায়, আপনার অধিক্ষেত্রাধীন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের এতদসংক্রান্ত তথ্য নিম্নের ছক আকারে প্রতি মাসের ০১ (এক) তারিখের মধ্যে সফটকপি ও হার্ডকপি এ দপ্তরের লাইসেন্স শাখায় প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বন্ড লাইসেন্স নং | বিন নম্বর | লাইসেন্সের বর্তমান অবস্থা (পাসপেভ/বিন লক/ব্যাংক একাউন্ট ফ্রিজ) | স্থগিতের কারণ (বন্ধ/অস্তিত্বহীন/নিরঙ্কুশ বকেয়া/পাওনা/নিরীক্ষা না করা) | নিরীক্ষা হালনাগাদের তথ্য | পাওনা/ বকেয়ার পরিমাণ | পাওনা/ বকেয়া সৃষ্টির কারণ | পাওনা/ বকেয়া আদায়ের পরিমাণ | সর্বশেষ গৃহিত কার্যক্রম (বকেয়া তথ্যের জন্য পত্র প্রেরণ/নিরীক্ষা/দায়-দেনা নিরূপন/সার্টিফিকেট মামলা) | মন্তব্য |
|-----------|---------------------------|------------------|-----------|--|--|--------------------------|-----------------------|----------------------------|------------------------------|--|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৪। প্রত্যেক বন্ড অফিসার এবং শাখা সহকারীদের জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে তালিকাভিত্তিক কার্যক্রম সম্পন্ন নির্দেশ দেয়া হলো। এক্ষেত্রে দীর্ঘসূত্রিতা, গাফিলতি, নথি ফেলে রাখা ও দায়সারাভাবে কাজ করা হলে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন। বিভাগীয় কর্মকর্তাগণ প্রত্যেক বন্ড অফিসার, সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা ও শাখা সহকারীদের বিষয়টি অবগত করতঃ সময়ানুগ মনিটরিং এর মাধ্যমে কাজগুলো সম্পন্ন করবেন মর্মেও নির্দেশ দেওয়া হলো।

মোঃ শওকাত হোসেন
কমিশনার
ফোনঃ ৯৩৪৭০০০

প্রাপক (কার্যার্থে)ঃ

- ১। উপ কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
 - ২। সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- অনুলিপি অবগতির জন্যঃ

- ১। অতিরিক্ত কমিশনার ১/২, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ২। যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ৩। দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পি.এ.টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।